

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং উবি-১৪(খ)/২০০৭-৯৪১৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
০১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ একাদশ শ্রেণিতে ভর্তি ইচ্ছুকদের করণীয় প্রসঙ্গে।

- ১) ভর্তিঃ ২০-০৬-২০১৭ হতে ২২-০৬-২০১৭ ইং এবং ২৮-০৬-২০১৭ ও ২৯-০৬-২০১৭ তারিখ পর্যন্ত।  
সময়ঃ সকাল ০৯:৩০ টা হতে দুপুর ০১:৩০ টা পর্যন্ত।
  - ২) উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ও অভিভাবককে কলেজ অফিসে উপস্থিত হয়ে ব্যাংক জমা রশিদ, প্রস্পেক্টাস ও কলেজের নিয়মাবলি সংগ্রহ করে সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ৯,০০০/- টাকা সকাল ০৯:৩০-০১:০০ টার মধ্যে জমা দিতে হবে।
  - ৩) ভর্তি ফরম যথাযথভাবে (ছবি সহ) পূরণ করে তার সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ
    - (i) এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এর দুটি ফটোকপি।
    - (ii) প্রশংসাপত্রের মূল কপি ও এর দুটি ফটোকপি।
    - (iii) এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের দুটি ফটোকপি।
    - (iv) ব্যাংক জমা রশিদের দুটি ফটোকপি।
    - (v) সাদা ব্যাকগ্রাউন্ডের রঙিন পাসপোর্ট সাইজ ছবি শিক্ষার্থীর ০২ কপি, পিতার ০২ কপি, মাতার ০২ কপি এবং মাতাপিতার অনুপস্থিতিতে আইনানুগ অভিভাবকের ০১ কপি ভর্তির দিন জমা দিতে হবে।
- বিঃদ্রঃ প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্রের একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।
- ৪) ব্যাংকে জমাকৃত টাকার রশিদের মূলকপি কলেজ অফিসে দেখিয়ে, ড্রেসকোড, বুকলিস্ট ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।
  - ৫) অত্র প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত Security Code, SSC Roll No, Mobile No. অবশ্যই ভর্তি ফরমে লিখতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করা সম্ভব হবে না।
  - ৬) ভর্তি ফরম জমা দেয়ার সময় কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ ভর্তি নিশ্চায়ন স্লিপ (ভর্তি ফরমের নিচের অংশটুকু) সংগ্রহ করতে হবে।
  - ৭) ০১-০৭-২০১৭ শনিবার বেলা ১১:০০টায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ক্লাস কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে এবং ০১:০০টায় ছুটি হবে। ০৬-০৭-২০১৭ তারিখ থেকে নিয়মিত ক্লাস ৭টা ৪০ মিনিট থেকে শুরু হবে।

ড. উম্মে সাালেমা বেগম  
অধ্যক্ষ

## উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য অবশ্য পালনীয় নীতিমালা:

১। ড্রেস কোড অনুযায়ী পোশাক পরিধান করতে হবে। বিদ্যালয়ের ইউনিফর্ম ছাড়া কোন শিক্ষার্থীকে বিদ্যালয়ে প্রবেশ করতে দেওয়া হবে না। বোর্ড পরীক্ষায়, বিদ্যালয়ের যে কোনো অনুষ্ঠানে এবং বিদ্যালয়ের পক্ষ থেকে অন্য কোথাও কোনো অনুষ্ঠানে যোগদানের জন্য বিদ্যালয়ের নির্ধারিত ইউনিফর্ম অবশ্যই পরিধান করতে হবে। বিদ্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।

২। ছেলে শিক্ষার্থীরা বিভিন্ন স্টাইলে চুল কাটাতে পারবে না এবং চুল হাফ ইঞ্চি রাখতে হবে। বাড়তি কোন প্রসাধনী (যেমন: জেল) ব্যবহার করতে পারবে না। মেয়ে শিক্ষার্থীদের কানে গহনা পরা বাঞ্ছনীয় নয়। একান্ত প্রয়োজনে কানের নিচের অংশে ছোট রিং ছাড়া অন্য কোন গহনা পরে আসতে পারবে না। এছাড়া সামনে চুল কাটা, কোনো প্রকার প্লাক করা ও হাতে মেহেদী দেয়া যাবে না। কোনো প্রকার বাড়তি প্রসাধনী (কাজল/লিপস্টিক/ লিপপ্লাস/নেইলপলিশ) ব্যবহার করা যাবে না।

৩। ব্যক্তিগত খেলার সরঞ্জাম/ ফুটবল/ ক্রিকেট/ ব্যাডমিন্টন/ দাবা/ লুডু/ মোবাইল/ ক্যামেরা/ সিডি/ ডিভিডি/ পেনড্রাইভ/ ইলেকট্রনিকস্ ডিভাইস/ বিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থি পুস্তক/ ছবি/ ছুরি/ চাকু/ লাঠি/ কাঁচি/ স্টিলের স্কেল ইত্যাদি বিদ্যালয়ে আনা যাবে না। উপরিউক্ত সরঞ্জাম কোন শিক্ষার্থীর কাছে পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। ক্লাস শুরু ও ছুটির সময়ে সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ে প্রবেশ ও বিদ্যালয় ত্যাগ করতে হবে। বিদ্যালয় চলাকালীন সময়ে অকারণে শ্রেণিকক্ষের বাইরে শিক্ষার্থীদের দেখা গেলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে। টিফিনের জন্য বিরতির সময় শৃঙ্খলা পরিপন্থি কোন কাজ করতে পারবে না। বিদ্যালয় ছুটির পর কোন শিক্ষার্থী বিদ্যালয়ের বাইরের রাস্তায় অথবা আশেপাশে অবস্থান না করে দ্রুত নিজ গৃহে ফিরে যেতে বাধ্য থাকবে। রাজনীতি/দলাদলি/ধূমপান করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

৫। কোন শিক্ষার্থী ৬০% এর কম উপস্থিত থাকলে তাকে ডিস-কলেজিয়েট ঘোষণা করা হবে। এ ধরনের শিক্ষার্থী একাদশ শ্রেণির ক্ষেত্রে বর্ষ সমাপনী পরীক্ষা এবং দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় অংশ গ্রহণের অযোগ্য হবে এবং ৭৫% এর কম উপস্থিত থাকলে নন-কলেজিয়েট হিসেবে গণ্য হবে। একাদশ শ্রেণির বর্ষ সমাপনী পরীক্ষায় অকৃতকার্য হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ করা হবে না এবং দ্বাদশ শ্রেণিতে নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

৬। শিক্ষার্থীকে নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে। বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে আগেই অনুপস্থিতির কারণ জানিয়ে অভিভাবকের লেখা আবেদনপত্রে অধ্যক্ষের অনুমতি নিয়ে শ্রেণিশিক্ষকের কাছে জমা দিতে হবে। বিশেষ কারণে আগে জানানো সম্ভব না হলে অভিভাবকসহ বিদ্যালয়ে উপস্থিত হয়ে দরখাস্ত জমা দিতে হবে। কোন কারণে নির্ধারিত সময়ের পূর্বে বিদ্যালয় ত্যাগ করার প্রয়োজন হলে অভিভাবকের 'অগ্রিম' অনুমতিপত্র শ্রেণিশিক্ষকের কাছে জমা দিতে হবে। প্রতি মাসের প্রথম তিন কার্যদিবসের মধ্যে পূর্ববর্তী মাসের অনুপস্থিতির জরিমানার পরিমাণ জানিয়ে দেওয়া হবে।

৭। শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং সহপাঠীদের সাথে কোনো রকম অসৌজন্যমূলক আচরণ গুরুতর শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

উপরিউক্ত নিয়মাবলি পড়ে এবং মর্ম অবগত হয়ে স্বৈচ্ছায় স্বাক্ষর করলাম:

শিক্ষার্থীর নাম		অভিভাবকের নাম	
শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ		অভিভাবকের স্বাক্ষর ও তারিখ	